স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **“আইওলিন”**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

## সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫১শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১০ই ভাদ্র বুধবার, ১৩৭১ ইংরাজী 26th Aug. 1964 { ১৫শ সংখ্যা







সবচেয়ে সুবিধায় বই কিনতে হ'লে
জনপ্রিয় প্রতিষ্ঠান ষ্টুডেণ্টস্-ফেভারিট-এ আসুন।

আমাদের বিশেষত্ব :— রঘুনাথগঞ্জ ( বাস ষ্ট্যাণ্ড )

* এক সঙ্গে সেট বই সরবরাহ করা
* শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নানাবিধ সুবিধা দেওয়া
* ছাত্র-ছাত্রীদের উপযুক্ত পাঠ্য ও অর্থপুস্তক নির্ব্বাচনে সহায়তা করা
* আমাদের সততায় সকলের সহানুভূতি লাভ করা।

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১০ই ভাদ্র বুধবার সন ১৩৭১ সাল।

## ধনসম্পদ ও বনসম্পদ

—•—

যখন কোনও বিদেশী আক্রমণকারী ভারত অধিকার করিতে পারে নাই, তখন হইতে ভারতের ধনসম্পদ ভারতের বাহিরের লোকের কাছে লোভনীয়। রাজ্যের ধনসম্পদ রাজকোষেই সকলের দৃষ্টির অগোচরে রক্ষিত হয়। ধনী ব্যবসায়ীদেরও ধনরত্নাদি তাঁহাদের স্ব স্ব অধিকারে গোপনেই থাকে। সুতরাং ধনসম্পদ কাহারও দৃষ্টিগোচর হয় না। একজনের ধনসম্পদ অন্যের অনুমানের বস্তু।

ভারতের বনসম্পদ চির গৌরবের। বনজ তৃণ হইতে আরম্ভ করিয়া বৃহৎ বৃহৎ মহীরুহ পর্য্যন্ত সমস্তই স্বভাবজ। মৃত্তিকার প্রকৃতিদত্ত গুণে ইহাদের জন্ম, বৃদ্ধি ও পরিপুষ্টি হইয়া থাকে। আর্য্য ঋষিগণ এই সমস্ত লতা বৃক্ষ পরিশোভিত অরণ্যের মধ্যে আশ্রম নির্ম্মাণ করিয়া শিষ্যগণকে লইয়া বেদ, উপনিষদ প্রভৃতির প্রণয়ন, আলোচনা, অধ্যয়ন, অধ্যাপনা দ্বারা জ্ঞান বিজ্ঞানের উৎকর্ষ সাধন করিয়া জগতের মধ্যে ভারতকে সর্ব্বোচ্চ আসন দিয়া গিয়াছেন।

আজ নৈমিষারণ্য নাই। তবে অরণ্যবহুল ভারত তাহার স্বভাবজ বনসম্পদে সম্পন্ন হইয়াই ছিল। গত দুই শত বর্ষ ইংরাজ জাতির অধীনে থাকিয়া ভারত যে তথাকথিত সভ্যতালোক প্রাপ্ত হইয়াছে, তাহাতে কত অরণ্য নির্মূল হইয়া নগরে পরিণত হইয়াছে। যে সমস্ত বন বনই আছে তাহা ফরেষ্ট ডিপার্টমেন্টের (বন বিভাগের) আইনের অধীন হইয়া অধীন ভারতের অধীনতা শৃঙ্খলের আর একটি শৃঙ্খল বৃদ্ধি করিয়াছে।

যখন যাহার শাসনাধীনে যে রাজ্য থাকে, জল, স্থল, অন্তরীক্ষ সবই তাহার আয়ত্তাধীন—সে ব্যাপারে কাহারও কোন কথা বলিবার নাই। লক্ষ লক্ষ আফিসের আসবাব ও সরঞ্জামাদি নির্ম্মিত হইয়াছে এই সমস্ত বনসম্পদ দ্বারা। দুই দুইটি মহাযুদ্ধে অনেক আবশ্যকীয় কাঠাদি সরবরাহ করিয়াছে এই বনসম্পদ। অল্প অল্প করিয়া কমিতে কমিতে সমস্ত সম্পদই ক্ষয়প্রাপ্ত হয়। কাজেই ভারতের বনসম্পদ হ্রাস প্রাপ্ত হইতে চলিয়াছে।

লক্ষ্য করিলে দেখা যায়—দেশের সযত্ন রক্ষিত আম কাঁঠাল প্রভৃতি ফলের বাগান আর তত নাই যত ছিল কিছুদিন আগে। কাঠের দর পাইয়া এবং সভ্যতালোকে ব্যয় বৃদ্ধি হওয়ায় অর্থের অভাবে অনেকে ফলন্ত বৃক্ষাদি নির্মূল করিয়া বিক্রয় করিতে বাধ্য হইয়াছে। মফঃস্বল হইতে কলিকাতায় নৌকায়, নৌকায়, ষ্টিমারে, ষ্টিমারে, কাঠ চালান দেখিলেই অনুমিত হইবে যে মোদের দেশের বৃক্ষাদির সংখ্যা কত কমিতে আরম্ভ করিয়াছে। বৃক্ষ তো দূরের কথা বাঁশের দাম দেখিলেই বোঝা যায় বংশের বংশ নির্ব্বংশ হইতে বেশী দেরী নাই।

পল্লীগ্রামের মাঠে মাঠে কত অশ্বত্থ কত বটবৃক্ষ তলে কৃষক ও রাখালগণ মধ্যাহ্নের প্রচণ্ড সূর্য্যতাপে ছায়া উপভোগ করিত। মাঠের পথের ধারে ধারে হিন্দু গৃহস্থগণের প্রতিষ্ঠিত বৃক্ষতলে বসিয়া পথিক তাহার পথশ্রম দূর করিত। আজ আর সে সব দেখা যায় কি?

ভারত সরকার ভারতে পূর্ব্বের মত বনসম্পদ, ফলকর ও অন্যান্য বৃক্ষাদি রোপণ জন্য জনসাধারণকে উৎসাহিত করিতেছেন। সরকার হইতেও বনসম্পদ বৃদ্ধির প্রচেষ্টা হইতেছে। "রাজার বাড়ী হাজার ঢুলি। কেউ বাজায় কেউ ঢোলে কাঠি দিয়াই লাকায়।" আমরা উত্তম দেখিয়া আর ভরসা করিতে পারি না। ফলাফল দেখিয়া তবে বাহবা দিব।

---

## গঙ্গাবক্ষে ৪৫ মাইল সন্তরণ

### এসিয়ার বৃহত্তম সন্তরণ প্রতিযোগিতা

গত ২৩শে আগষ্ট রবিবার মুর্শিদাবাদ জেলা সুইমিং এসোসিয়েসনের উদ্যোগে গঙ্গাবক্ষে ৪৫ মাইল সন্তরণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। জঙ্গিপুর সদরঘাট হইতে ভোর ৫-২০ মিনিটে জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীবিমলকুমার চৌধুরী মহাশয়ের উপস্থিতিতে প্রতিযোগিতা শুরু হয়। ছয়জন প্রতিযোগী—সর্ব্বশ্রী আনন্দ হাজরা, বিবেকানন্দ ব্যায়াম সমিতি, বিমল দাশগুপ্ত—আগরতলা, ত্রিপুরা, দেবীপ্রসাদ দত্ত—ষ্টেট ট্রান্সপোর্ট, কলিকাতা, দীপক মল্লিক—ষ্টেট ট্রান্সপোর্ট, কলিকাতা, সুবল দত্ত—বহরমপুর ও বলবীর সিং কলিকাতা স্পোর্টস এসোসিয়েসন ইহাতে অংশ গ্রহণ করিয়াছেন।

১ম—শ্রীদেবীপ্রসাদ দত্ত (ষ্টেট ট্রান্সপোর্ট, কলিকাতা); ২য়—শ্রীবিমল দাশগুপ্ত (আগরতলা, ত্রিপুরা); ৩য়—শ্রীআনন্দ হাজরা (বিবেকানন্দ ব্যায়াম সমিতি, বহরমপুর)। সময় ১০ ঘণ্টা ১৪ মিনিট।

---

## কাঞ্চনতলা হরিসভার

নবম বার্ষিক শ্রীশ্রীদুর্গা পূজার আয় ব্যয়ের হিসাব, ১৩৭০ সাল।

জমা—মোট চাঁদা আদায় ৩৮০৲, ১৩৬৯ সালের উদ্বৃত্ত মজুত তহবিল ২২·৭২ পঃ, মোট তহবিল ৪০২·৭২ পঃ।

খরচ—প্রতিমা ৭৫৲, প্রতিমার আনুষঙ্গিক খরচ ৮·৮৭ পঃ, বেদী ও মণ্ডপ নির্ম্মাণ ৬·৫০ পঃ, আলোকসজ্জা ৪৲, ঢাক বাদ্যাদি ৩২·৫০ পঃ, নরসুন্দর ও পরিচারক ২১৲, পূজার উপকরণাদি ও আনুষঙ্গিক খরচ ১৮৫·১৪ পঃ, পূজার দক্ষিণা ৩৪৲, নিরঞ্জন খরচ ২৮·৫৬, মোট খরচ ৩৯৫·৫৭ পঃ।

মোট জমা—৪০২·৭২ পঃ, মোট খরচ ৩৯৫·৫৭ খরচ বাদে উদ্বৃত্ত মজুত তহবিল ৭·১৫ পঃ (সাত টাকা পনর পয়সা মাত্র)

প্রেসিডেণ্ট—শ্রীবিভূতিভূষণ দাস, উকিল মহাশয়ের ২রা কার্ত্তিক ১৩৭০, স্বর্গপ্রাপ্তি হেতু তাঁর আত্মার শান্তি উদ্দেশ্যে শ্রদ্ধাঞ্জলি দান।

শ্রীযামিনীমোহন দাস, সম্পাদক

---

## পরলোকগমন

বিগত ১৫ই আগষ্ট শনিবার দ্বিপ্রহরে জঙ্গিপুর ফৌজদারী আদালতের অবসরপ্রাপ্ত হেডক্লার্ক জঙ্গিপুর নিবাসী কার্ত্তিকচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় ৭৮ বৎসর বয়সে পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তিনি বিধবা স্ত্রী, চারি পুত্র, তিন কন্যা ও আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিবারবর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার শান্তি কামনা করিতেছি।

## প্রতিদিন দুই জাহাজ করিয়া গম

মার্কিন রাষ্ট্রদূত শ্রীচেষ্টার বোলস্ বলেন, মার্কিন যুক্তরাষ্ট্র যে হারে ভারতে গম পাঠাইতেছিল, ভারত সরকারের জরুরী অনুরোধে তাহা দ্বিগুণ করা হইতেছে। আগামী সাত মাসে মার্কিন যুক্তরাষ্ট্র হইতে ভারতে ৪০ লক্ষ টন গম আসিয়া পৌছিবে। প্রতিদিন মার্কিন যুক্তরাষ্ট্র হইতে ২টি করিয়া গমবাহী জাহাজ ভারতীয় বন্দরে আসিয়া পৌছিবে।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১৪ই সেপ্টেম্বর, ১৯৬৪

১৯৬৩ সালের ডিক্রীজারী

১৫ মনি ডিঃ পশ্চিমবঙ্গ সরকার পক্ষে কালেক্টর অব মুর্শিদাবাদ দেং সমীরণকুমার ভাদুড়ী দাবি ৩৫৩ টাকা ৯৪ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে দুর্গাপাড়া ১-৫৬ শতকের অর্দ্ধাংশ ৭৮ শতক আঃ ২৫০৲ থং ২৭৮ রায়ত স্থিতিবান স্বত্ব ২নং লাট থানা ঐ মৌজে বৈদ্যনাথপুর ১-১৫ শতকের অর্দ্ধাংশ ৫৭॥০ শতক আঃ ২০০৲ থং ৬৩ ঐ স্বত্ব

১৯৬৪ সালের ডিক্রীজারী

১১ স্বত্ব ডিঃ বিষ্ণুমণি দাসী দিং দেং পতিত-পাবন দাস দিং দাবি ১৮৯ টাকা ৮ পঃ থানা সুতি মৌজে ফতেপুর ৩৩ শতক জমি আঃ ২৫০৲ থং ৫৭২

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ১৪ই সেপ্টেম্বর, ১৯৬৪

১৯৬৪ সালের ডিক্রীজারী

১১ অন্য ডিঃ নিবারণচন্দ্র পাল দেং হোসেন আলি বিশ্বাস দাবি ৩৪ টাকা ৮৫ পঃ থানা ফরক্কা মৌজে পরাণপাড়া ৭-১৪ শতকের কাত ৩৪ টাকা ৬২ পঃ তন্মধ্যে ৭৫ শঃ মধ্যে অর্দ্ধাংশ ৩৭॥০ শতকের কাত ১ টাকা ৭৫ পঃ আমবাগান আঃ ২৫৲ খং ১২৭ রায়ত স্থিতিবান স্বত্ব

১০ স্বত্ব ডিঃ সদর আলী সেখ দেং মকবুল সেখ দিং দাবি ৮৭'৮০ পঃ থানা সাগরদীঘি মৌজে ডিহিবরজ ১-১৭ শতক মধ্যে ১-০১ শতক আঃ ৬০৲ C. S. খতিয়ান ২৭

## নোটিশ

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

১।৬৪ অন্য মোকদ্দমা

দেওয়ানী কার্য্যবিধি আইনের অর্ডার ১ রুল ৮ মতে

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যায় যে থানা ফরাক্কা অধীন জাফরগঞ্জ সাকিমের জটিলচন্দ্র পাল নামে জনৈক ব্যক্তি উক্ত জাফরগঞ্জ মৌজার ১৩৬২ দাগ সর্ব্বসাধারণের গ্রাম্য রাস্তা ও উহা বিবাদী ভোলানাথ মিশ্র encroach করতঃ উহাতে অবরোধের সৃষ্টি করিয়াছেন উল্লেখে উক্ত অবরোধ উন্মোচন ও যাহাতে আর কস্মিনকালে উক্ত ভোলানাথ মিশ্র কোন প্রকার অবরোধের সৃষ্টি করিতে না পারে তন্মর্ম্মে চিরস্থায়ী ও mandatary injunction এর প্রার্থনায় অত্র জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালতে গ্রাম্য সাধারণ পক্ষে মোকদ্দমা করিয়াছেন। যদি কেহ উক্ত মোকদ্দমায় বাদী শ্রেণীভুক্ত হইতে ইচ্ছা করেন তিনি তাহা করিতে পারেন। সাধারণের অবগতি জন্য এই বিজ্ঞপ্তি দেওয়া গেল।

By Order
H. K. Roy, Sheristadar,
2nd. Munsif's Court
Jangipur.

25. 8. 1964

## স্কুল বোর্ডের নির্ব্বাচন

মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের নির্ব্বাচনে জঙ্গিপুর মহকুমা হইতে দুইজন সভ্য নির্ব্বাচিত হইবেন।

গত ৩রা ভাদ্র বুধবারের 'জঙ্গিপুর সংবাদে' উপরোক্ত সংবাদটা ছাপান হইয়াছে। ভুলক্রমে নির্ব্বাচনের তারিখ ২৩শে সেপ্টেম্বর ছাপান হইয়াছিল। উহা ২৭শে সেপ্টেম্বর, ১৯৬৪ হইবে। জনসাধারণের অবগতির জন্য ইহা প্রকাশ করিলাম। অনিচ্ছাকৃত ত্রুটির জন্য আমরা দুঃখিত।

## বিজ্ঞপ্তি

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

১৭৫।৬৪ অন্য মোকদ্দমা

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যায় যে থানা সমসেরগঞ্জ অধীন মৌজে দিঘরী মধ্যে আর্জির বর্ণিত সম্পত্তির মালিক দখলীকার দিঘরী গ্রামের গ্রাম্য দেবতা শ্রীশ্রী৺রী কালীমাতা এবং উক্ত কালীমাতা রটন্তী সময়ে প্রতি সন মায়ের পূজা হইয়া থাকে ও উক্ত মায়ের মন্দির গ্রাম্য সাধারণে তৈয়ারী করিয়া দিয়াছে। বিবাদীপক্ষ পুরুষ পুরুষানুক্রমে গ্রামের মাতব্বর শ্রেণীর বংশ। ও তাহারা সেবাইত স্বরূপে উক্ত কালীমাতার আর্জির বর্ণিত সম্পত্তি দখল করে। উক্ত ভূমিতে তাহাদের নিজস্ব কোন প্রকার স্বত্বাধিকার নাই এক্ষণে বিবাদী পাঁচকড়ি দাস দিং উক্ত কালীমাতার সম্পত্তি হস্তান্তর করিতে উদ্যত হওয়ায় ও কতক হস্তান্তর করায় থানা সমসেরগঞ্জ অধীন দিঘরী গ্রামের হিন্দু জনসাধারণ পক্ষে শ্রীশিরিশচন্দ্র দাস ও শ্রীযদুনন্দন দাস সাং দিঘরী আর্জির (ক) তপশীল সম্পত্তিতে উচ্ছেদান্তে খাস দখল ও (খ) তপশীল বর্ণিত সম্পত্তিতে স্বত্ব থাকা সাব্যস্তে চিরস্থায়ী নিষেধাজ্ঞা দাবীতে জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালতে নালিশ দায়ের করিয়াছেন তাহাতে যদি কেহ বাদী শ্রেণীভুক্ত হইতে ইচ্ছা করেন বাদী শ্রেণীভুক্ত হইতে পারেন।

By Order
H. K. Roy, Sheristadar,
2nd. Munsif's Court
Jangipur.

25. 8. 1964





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্বাস্থ্য স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা-১২



---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্বেদীয় ফার্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮৩।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন: ৫৫-৪৩৬৬ |

---



★আই, সি, আই পেইন্ট

★মেদিনীপুরের ভাল মাদুর

★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্

★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:—

## কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর

খাগড়া মুর্শিদাবাদ

---

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।